অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/1/2021 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল অপরূপ কাইয়ুগা লেক ওয়াটারফ্রন্ট সম্পত্তি রক্ষা করার চুক্তি ঘোষণা করলেন

গভর্নর ফিঙ্গার লেকস ট্রাস্ট এবং নিউ ইয়র্ক স্টেট ইলেকট্রিক অ্যান্ড গ্যাসের মধ্যে চুক্তি ঘোষণা করলেন

চুক্তিটি ফিঙ্গার লেকসে কাইয়ুগা লেক সংলগ্ন সর্ববৃহৎ বেসরকারি মালিকানাধীন উপকূলীয় পার্সেলের ভবিষ্যৎ সুরক্ষা নিশ্চিত করে

ফিঙ্গার লেকস ল্যান্ড ট্রাস্ট 470 একর বেল স্টেশন পার্সেল অধিগ্রহণ করবে

ছবি পাওয়া যাবে এখানে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে ফিঙ্গার লেকস ল্যান্ড ট্রাস্ট (Finger Lakes Land Trust, FLLT) এবং নিউ ইয়র্ক স্টেট ইলেকট্রিক অ্যান্ড গ্যাস কর্পোরেশনের (New York State Electric & Gas Corp., NYSEG) মধ্যে ফিঙ্গার লেকসের সর্ববৃহৎ বেসরকারি মালিকানাধীন অবিকশিত লেক উপকূলীয় 470 একর বেল স্টেশন পার্সেল একটি ভূমি ক্রয় সংক্রান্ত চুক্তি হয়েছে। গভর্নর হোকল সেপ্টেম্বরে ঘোষণা করেন যে NYSEG টম্পকিনস কাউন্টির কাইয়ুগা লেকের পূর্ব প্রান্তে 3,400 ফুট অপরূপ উপকূলসহ বেল স্টেশন (Bell Station) নামে পরিচিত ভূমির নিলাম বাতিল করেছে, এবং স্টেটের তিনটি এজেন্সি এই পার্সেলটির স্থায়ী সুরক্ষা ও জনসাধারণের ব্যবহারের সুযোগ সর্বোচ্চ করার ব্যবস্থা করবে।

"এই ভূমি ক্রয় ভবিষ্যৎ প্রজন্মের জন্য এর সুরক্ষা ও সংরক্ষণ নিশ্চিত করবে, এই ধরনের পরিবেশ সচেতন সিদ্ধান্ত গ্রহণ আমাদের মানসিক শান্তি প্রদান করবে যে আমাদের সন্তানদের কাছে ফিঙ্গার লেকসে সবুজ স্থান এবং সুন্দর লেকের দৃশ্যের সুযোগ থাকবে," **গভর্নর হোকল বলেন।** "বেল স্টেশনের মালিকানা হস্তান্তরের উপায় সৃষ্টিকারী বিক্রয় চুক্তি দ্রুত অগ্রসর করার জন্য আমাদের স্টেটের এজেন্সিসমূহ, NYSEG, এবং ফিঙ্গার লেকস ল্যান্ড ট্রাস্ট যে কঠোর পরিশ্রম ও সমবেত কাজ করেছে আমি তার জন্য গর্বিত।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশন (New York State Department of Environmental Conservation, DEC) এবং ফিঙ্গার লেকস ল্যান্ড ট্রাস্ট সম্পত্তিটির উপকূলীয় এলাকায় একটি সরকারি বন্যপ্রাণী ব্যবস্থাপনা এলাকা তৈরি করবে। বেল

স্টেশন নিউ ইয়র্ক স্টেটের উন্মুখ স্থান পরিকল্পনার (Open Space Plan) একটি অগ্রাধিকার প্রকল্প হিসেবে স্বীকৃত এবং টাউন অফ ল্যান্সিং কম্প্রিহেন্সিভ প্ল্যানে (Town of Lansing Comprehensive Plan) এটিকে ভবিষ্যতে জনসাধারণের ব্যবহারের সংরক্ষিত জমি হিসেবে আখ্যা দেওয়া হয়েছে। সম্পত্তির বিক্রির জন্য পাবলিক সার্ভিস কমিশনের (Public Service Commission) অন্য কোনো পর্যালোচনা বা অনুমোদন আবশ্যক হবে না।

কাইয়ুগা লেক এই অঞ্চলের খাবার পানি, পর্যটন, ও বিনোদনের একটি অতি গুরুত্বপূর্ণ উৎস। বেল স্টেশন সংরক্ষণ করলে তা উদ্ভিদ ও বন্যপ্রাণীর অতি গুরুত্বপূর্ণ আবাস রক্ষা করবে, এবং 90 শতাংশ বেসরকারি মালিকানাধীন কাইয়ুগা লেকের পূর্ব প্রান্তের উপকূল সরাসরি ব্যবহারের সুযোগ প্রদান করে জনসাধারণের বিনোদনের সুযোগ দারুণভাবে বৃদ্ধি করবে। লেকটি দুর্দান্ত ক্রীড়ামূলক মাছ ধরা সমর্থন করে জেম লার্জমাউথ ব্যাস, চেইন পিকেরেল, নর্দার্ন পাইক, ক্র্যাপি, ইয়েলো পার্চ, সানফিশ, গার, এবং বোফিন। উদ্দেশ্য আছে যে সম্পত্তির পূর্বতম অংশ নবায়নযোগ্য সৌর শক্তি উৎপাদনের জন্য ব্যবহার করা হবে।

এছাড়াও নিউ ইয়র্ক অডুবোন কাইয়ুগা লেককে একটি গুরুত্বপূর্ণ পাখি অঞ্চল হিসেবে আখ্যায়িত করেছে এবং এখানে রয়েছে ব্যাপক বৈচিত্র্যময় ওয়াটারফাউল ও অন্যান্য পাখির ঝাঁক, বিশেষ করে মাইগ্রেশনের সময় ও শীতকালে। এমন অনন্য এলাকায় বর্ধিত ব্যবহারের সুযোগ স্থানীয় সম্প্রদায়গুলিকে গুরুত্বপূর্ণ অর্থনৈতিক সুযোগ প্রদান করে যারা উন্মুক্ত স্থানের বিনোদনের বর্ধিত জনপ্রিয়তাকে কাজে লাগাতে পারবে এবং একই সাথে পানির মান রক্ষাকারী প্রাকৃতিক বাফারকে রক্ষা করতে পারবে। লেকটিকে লেকের তীরে নির্মাণ ও ক্ষয় থেকে রক্ষা করলে জনসাধারণের খাবার পানির সরবরাহে পানির মান রক্ষা করা যাবে এবং ক্ষতিকর শৈবাল হওয়ার ঝুঁকি হ্রাস করা যাবে।

ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশনের কমিশনার বেসিল সেগোস বলেন, "পরিবেশগতভাবে সংবেদনশীল 470 একর বেল স্টেশন সম্পত্তি সংরক্ষণে ফিঙ্গার লেকস ল্যান্ড ট্রাস্ট ও NYSEG-র মধ্যকার ভূমি ক্রয় চুক্তিটি ফিঙ্গার লেকসে সংরক্ষণ প্রচেষ্টার জন্য একটি মুখ্য বিজয় এবং পরিবেশের প্রতি গভর্নর হোকলের প্রতিশ্রুতির একটি উদাহরণ। বেল স্টেশন সংরক্ষণ করলে তা অতি গুরুত্বপূর্ণ প্রাণীর আবাস এবং ইকোসিস্টেম রক্ষার্থে সাহায্য করবে যা কাইয়ুগা লেকে পানির মান ঠিক রাখতে সাহায্য করে এবং স্থানীয় অর্থনীতিকে সমর্থনকারী বিনোদনমূলক সুযোগ বৃদ্ধি করবে। DEC চুক্তিটি নিশ্চিত করতে গভর্নর হোকলের নেতৃত্বের জন্য তার প্রতি কৃতজ্ঞ এবং সম্পত্তিটি রক্ষা করার পরিবেশগত মূল্য বুঝতে পারার জন্য NYSEG-কে ধন্যবাদ জানায়। আগামী প্রজন্মের পর্যটকদের অভিজ্ঞতা ও উপভোগের জন্য লেকফ্রন্টের এই অনন্য পার্সেলটি রক্ষা করতে ফিঙ্গার লেকস ল্যান্ড ট্রাস্টের সাথে কাজ করার জন্য আমরা উন্মুখ।"

স্টেট পার্কসের (State Parks) কমিশনার এরিক কুলেসিড বলেন, "কাইয়ুগা লেকের বেল স্টেশন হল টাফানক স্টেট পার্কের (Taughannock State Park) উত্তরে। গভর্নর হোকলের নেতৃত্বের অধীনে, এই অধিগ্রহণ লেকের দৃশ্যকেও রক্ষা করবে এবং একই সাথে বেল স্টেশন থেকে লেক পর্যন্ত প্রবাহিত খাঁড়ি ও জলপ্রবাহে পানির মানও রক্ষা করবে। এই গুরুত্বপূর্ণ সংরক্ষণ প্রচেষ্টায় DPS ও DEC এর সাথে কাজ করার জন্য আমরা উন্মুখ।"

NYSEG-র প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা কার্ল এ. টেইলর বলেন, "NYSEG একটি ভালো কর্পোরেট নাগরিক হওয়ার জন্য অঙ্গীকারবদ্ধ এবং আমি আনন্দিত যে আমরা ফিঙ্গার লেকস ল্যান্ড ট্রাস্টের সাথে এই অপরূপ সম্পত্তি সংরক্ষণের ব্যাপারে দ্রুত একমত হতে পেরেছি। আমি গভর্নর হোকল ও তার প্রশাসনকে তাদের নেতৃত্ব ও সমন্বয়ের জন্য ধন্যবাদ জানাতে চাই যেহেতু আমরা সকলেই বেল স্টেশনকে রক্ষা করতে চাই, এটি এমন একটি সিদ্ধান্ত যা আগামী অনেক বছরের জন্য ফিঙ্গার লেকস অঞ্চলকে লাভবান করবে।"

সিনেটর পামেলা হেল্মিং বলেন, "ধন্যবাদ ফিঙ্গার লেকস ল্যান্ড ট্রাস্ট ও NYSEG-কে, একত্রে কাজ করে এমন একটি চুক্তিতে পৌঁছানোর জন্য যা এই গুরুত্বপূর্ণ সম্পত্তিকে আরো সংরক্ষণ ও সুরক্ষা প্রদানের ব্যবস্থা করবে। এটি আমাদের অঞ্চলের হাজার হাজার বাসিন্দার জন্য একটি স্বাগত সংবাদ যারা আসন্ন অনেক প্রজন্ম ধরে কাইয়ুগা লেকের এই অপরূপ এলাকা উপভোগ করতে পারবে।এছাড়া এই ভূমির সংরক্ষণ আমাদের হাজার হাজার বাসিন্দা, যারা খাবার পানির জন্য কাইয়ুগা লেকের উপর নির্ভরশীল তাদের স্থানীয় পানির মান রক্ষার জন্য গুরুত্বপূর্ণ। ধন্যবাদ ফিঙ্গার লেকস ল্যান্ড ট্রাস্ট, NYSEG, পাবলিক সার্ভিস কমিশন, নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ কনজার্ভেশন এবং ল্যান্সিং ও আশেপাশের এলাকার বহু প্রতিষ্ঠান ও সংগঠকদের, তাদের সমর্থনের জন্য। এবং বিশেষ করে ধন্যবাদ আপনাকে গভর্নর হোকল, আমাদের উদ্বেগ ও সুপারিশ শোনার জন্য এবং সম্প্রদায়ের স্বার্থে অগ্রগামী পদক্ষেপ নেওয়ার ব্যবস্থা করা ও লক্ষণীয় বৈচিত্র্যপূর্ণ এই প্রাকৃতিক সম্পদ রক্ষার জন্য, যা পেয়ে আমরা সকলেই ভাগ্যবান।"

অ্যাসেম্বলিমেম্বার অ্যানা কেলিস বলেন, "আমি গভর্নর হোকল, ডিপার্টমেন্ট অফ পাবলিক সার্ভিস, ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশন, ডিপার্টমেন্ট অফ পার্কস (Department of Parks) এবং NYSEG-কে ধন্যবাদ জানাতে চাই বেল স্টেশন সম্পত্তিকে সংরক্ষিত স্টেট বনভূমি হিসেবে সংরক্ষণ করার উল্লেখযোগ্য গণদাবী মেটাতে ত্বরান্বিতভাবে কাজ করার জন্য। অপরূপ উপকূল ও বনভূমির এই বিশাল এলাকা লেকটির স্বাস্থ্য ও অখণ্ডতা রক্ষার্থে একটি অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বনভূমি সংরক্ষণ করলে তা শুধু লেককে ভূমি ক্ষয় ও উপকূলে সেপটিক সিস্টেমের বিরূপ প্রভাব থেকে থেকেই বাঁচাবে না বরং এই ভূমিকে পর্যটন ও বাস্তুসংস্থানসংক্রান্ত শিক্ষার জন্য সংরক্ষণ করবে। সংরক্ষণে আমাদের সামগ্রিক সর্বোচ্চ অঙ্গীকার রয়েছে এবং এই প্রচেষ্টায় গভর্নরের ভূমিকার অত্যন্ত প্রশংসিত।"

টম্পকিনস কাউন্টির বিধানসভার (Tompkins County Legislature) প্রধান লেসলিন ম্যাকবিন-ক্লেয়ারবর্ন বলেন, "চুক্তিটি আমাদের অঞ্চল ও আমাদের স্থানীয় অংশীদারদের জন্য ঐতিহাসিক। আমাদের চমৎকার ফিঙ্গার লেকস অঞ্চলে ভূমি সংরক্ষণ ও জনসাধারণের ব্যবহারের সুযোগের ব্যবস্থা করতে নিউ ইয়র্ক স্টেট ও গভর্নর হোকলের অঙ্গীকারের প্রতি টম্পকিনস কাউন্টির গভীর কৃতজ্ঞতা রয়েছে এবং আমরা এটি সম্ভব করার জন্য NYSEG ও ফিঙ্গার লেকস ল্যান্ড ট্রাস্টকে তাদের অংশীদারিত্বের জন্য ধন্যবাদ জানায়। এটি অঞ্চলটির সংরক্ষণ ও টেকসই হওয়ার দুর্দান্ত ইতিহাস রয়েছে, এবং এটি এসব নীতির প্রতি নিবেদনের আরেকটি অনুপ্রেরণামূলক উদাহরণ।"

টম্পকিনস কাউন্টি বিধায়ক মাইক সিগলার বলেন, "ফিঙ্গার লেকস ল্যান্ড ট্রাস্টের বেল স্টেশন অধিগ্রহণের সম্ভাবনার ব্যাপারে আমাদের পাবলিক মিটিংয়ের আট বছর হয়ে গেছে। গভর্নর পদক্ষেপ না নিলে এটি সম্ভব হতো না। লেক কাইয়ুগাতে জনসাধারণের ব্যবহারের জায়গা অত্যন্ত কম। আমরা ভূমিটি নিয়ে কী করতে পারতাম তা নিয়ে তর্ক করে যায়, কিন্তু এখনকার মতো আমি খুশি যে এটি সংরক্ষিত হবে এবং একসময় সকলের জন্য খুলে দেওয়া হবে। আমি FLLT ভূমিতে হাইক করেছি এবং ভূমিকে এমন উন্মুক্ত ও সংরক্ষিত রাখার কাজ এর থেকে ভালো আর কেউ করতে পারেনি।কেউ কেউ তর্ক করছেন যে জমিটিকে সর্বোচ্চ কর রাজস্বের জন্য বিকশিত করা হোক। আমি বুঝি তারা কী বলতে চায়, কিন্তু প্রত্যেক পার্সেলের জন্য আমরা এটি করতে পারি না এবং করা উচিতও না। আমরা তা করলে জনসাধারণের জন্য কোনো জায়গা থাকবে না এবং তা আমাদের সকলের ক্ষতি করবে।"

ফিঙ্গার লেকস ল্যান্ড ট্রাস্টের নির্বাহী পরিচালক অ্যান্ড্রু জেপ বলেন, "এটি ফিঙ্গার লেকস এবং নিউ ইয়র্ক স্টেটের সকল বাসিন্দার জন্য একটি দুর্দান্ত বিজয়। আমরা গভর্নর হোকলের নেতৃত্বের জন্য তার প্রতি এবং আমাদের সকল নির্বাচিত কর্মকর্তা যারা এটিকে বাস্তবে পরিণত করেছেন তাদের প্রতি কৃতজ্ঞ।"

ডিপার্টমেন্ট অফ পাবলিক সার্ভিসের (Department of Public Service) প্রধান নির্বাহী কর্মকর্তা রোরি এম. ক্রিস্টিয়ান বলেন, "ফিঙ্গার লেকস ল্যান্ড ট্রাস্ট এবং NYSEG-র মধ্যে ক্রয় চুক্তি স্বাক্ষর স্টেটব্যাপী ভূমি সংরক্ষণে নিউ ইয়র্কের অঙ্গীকার জোরদার করার গ্যারান্টি প্রদান করে। ভবিষ্যৎ প্রজন্মের জন্য এই পরিবেশগতভাবে সংবেদনশীল সম্পত্তি রক্ষা করতে আমার এজেন্সি ভূমিকা রাখতে পেরে আনন্দিত।"

কাইয়ুগা লেক ওয়াটারশেড নেটওয়ার্কের (Cayuga Lake Watershed Network) স্টুয়ার্ড ও নির্বাহী পরিচালক ডাঃ হিলারি ল্যাম্বার্ট বলেন, "এটি কাইয়ুগা লেকের ক্রমশ জনাকীর্ণ হতে থাকা উপকূলে ভূমি ও পানি সংরক্ষণের জন্য একটি দারুণ খবর। এছাড়াও এটি হাইকার ও নৌকাচালকদের জন্য দারুণ খবর, যারা সুন্দর একটি নতুন জনসাধারণের ব্যবহারের জায়গা পাবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন